*অথবা*

(খ) 'মনসামঙ্গল' কবিতার বিষয়বস্তু আলোচনা করে শক্তিপদ ব্রহ্মচারীর কাব্য-প্রতিভার পরিচয় দাও।

৫। (ক) 'মহেশ' গল্প অবলম্বনে গফুর চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

*অথবা*

(খ) 'ফসিল' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

৬। (ক) 'সাজানো বাগান' নাটকের বাঞ্ছারাম চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

*অথবা*

(খ) 'সাজানো বাগান' নাটকে বাগান দখলের ষড়যন্ত্র কীভাবে ব্যর্থ হয়েছিল সে সম্পর্কে যথাযথ আলোচনা করো।

৭। (ক) তারাশঙ্করের 'তারিণী মাঝি' গল্পে যে রূঢ় বাস্তব জীবনের ছবি ফুটে উঠেছে তা আলোচনা করো। ১০

*অথবা*

(খ) 'সাজানো বাগান' নাটকের অপ্রধান চরিত্রগুলো সম্পর্কে যা জান লেখো।

★★★





**2023**

# BENGALI

## ( Honours Core )

Paper : BEN–HC–5026

**( আধুনিক বাংলা সাহিত্য ঃ স্বাধীনোত্তর পর্ব )**

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) 'যত দূরেই যাই' কবিতাটি কে রচনা করেছেন?

(খ) শূন্যস্থান পূরণ করো :

"বৃষ্টি পড়ে এখানে বারোমাস
এখানে মেঘ ______ মতো চরে।"

(গ) 'সাকিন' কবিতার শেষ স্তবকে কবি একহাতে বর্ণপরিচয়ের পাশাপাশি অন্যহাতে কী রয়েছে বলে উল্লেখ করেছেন?

(ঘ) নেটিভ স্টেট অঞ্জনগড়ের আয়তন কত বর্গমাইল?

(ঙ) আমিনা কে?

(চ) ক্ষেন্তি কী রোগে আক্রান্ত হয়েছিল ?

(ছ) বাঞ্ছারাম গুপির কে হয় ?

(জ) কার আহ্বানে কৃমীরা ঘোড়ানিমের জঙ্গলে এসে একত্রিত হয়েছিল ?

(ঝ) 'সাজানো বাগান' নাটকে গোবিন্দ কে ?

(ঞ) নকড়ি দত্ত বাঞ্ছারামকে কত টাকা করে মাসোহারা দিত ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) 'উদ্বাস্তুর ডায়েরি' কবিতায় কবি কাদের খুল্লতাত ভাই বলে সম্বোধন করেছেন ?

(খ) 'পুঁইমাচা' গল্পের দুটি চরিত্রের নাম লেখো।

(গ) "আমরা খিদিরপুরে সইন করে জাহাজের কামে ঢুকেছিলাম—একই দিন একই সঙ্গে।" এখানে আমরা বলতে কাদের কথা বোঝানো হয়েছে ?

(ঘ) নকড়ি দত্তের দুই যমজ ছেলের নাম কী ?

(ঙ) 'সাজানো বাগান' নাটকে প্রেতাত্মাটির নাম কী ? তার উত্তরপুরুষ কে ছিল ?





৩। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'অপার বাংলা' বলতে কবি সঞ্জয় কী বোঝাতে চেয়েছেন, লেখো।

(খ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

"আমি যত দূরেই যাই
আমার সঙ্গে যায়
ঢেউয়ের মালা গাঁথা
এক নদীর নাম—"

(গ) ময়নার মা কীভাবে পুলিশকে জব্দ করে ভুবনকে রক্ষা করেছিল তার বর্ণনা দাও।

(ঘ) "ও টাকা আগে দাও তবে মেয়ে নিয়ে যাও।" 'পুঁইমাচা' গল্পে কে, কাকে, কেন একথা বলেছে, লেখো।

(ঙ) "আর এই হয়েছে আজকালকার ডাক্তার কোবরেজ! মানুষ বাঁচবে কি না তাও বলতে পারে না, মানুষ যে মরবে তারও গ্যারান্টি দেয় না।" নকড়ি দত্তের এই মন্তব্যের কারণ বিশ্লেষণ করো।

(চ) 'সাজানো বাগান' নাটকে চিত্রিত গুপি চরিত্র আলোচনা করো।

৪। (ক) সুনীল গঙ্গোপাধ্যায়ের 'নীরার জন্য কবিতার ভূমিকা' কবিতাটির নামকরণের সার্থকতা বিচার করো। ১০